গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

স্মারক নং:- ২৪.০০.০০০০.২০৭.১৫.২৬৫(১).১৩-৩৮৭

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ / ৩১ আগষ্ট ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়- জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর শূণ্য পদে জনবল নিয়োগের নিমিত্ত জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।

সূত্র- জেডিপিসি-এর স্মারক নং-২৪.০৯.০০০০.০০০.০০০.১২০.১৬.৪৭০, তাং-২৪/০৪/২০১৬।

উর্পযুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর ০৪টি শূণ্য পদ যথা- (১) নির্বাহী পরিচালক (২) পরিচালক (ডিজাইন এন্ড ফ্যাশন) (৩) টেকনলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ (৪) কম্পিউটার এবং ডাটা ব্যাংক অপারেটর-এর সরাসরি নিয়োগের জন্য পত্রিকায় প্রকাশিতব্য নিয়োগ বিজ্ঞপ্তি অত্র সাথে প্রেরণ করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তিটি দৈনিক জনকণ্ঠ ও The Financial Express-পত্রিকায় আগামী ০১/০৯/২০১৬ তারিখে মধ্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এতদসংক্রান্ত ব্যয়ভার জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) হতে নির্বাহ করতে হবে।

**সংযুক্তিঃ** (১) নিয়োগ বিজ্ঞপ্তি;
(২) চাকুরীর আবেদন ফরম;

(মোঃ নাসির উদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৬৪৭
Email:- jute2.motj@gmail.com

নিবার্হী পরিচালক
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-**
০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও সদস্য সচিব, নিয়োগ কমিটি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

নং-২৪.০৯.০০০০.২০৭.১৫.২৬৫ (১).১৩/ ৩৮৬

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০১৬ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১। | নির্বাহী পরিচালক<br>বেতনঃ সর্বসাকুল্যে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা | ০১টি | ১। দেশের অথবা বিদেশের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রি, পিএইচ. ডি ধারী অগ্রাধিকার। সরকারী/আধাসরকারী/ প্রতিষ্ঠানে-এ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। তন্মধ্যে কোন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পদে কমপক্ষে ০৩ বছরেরর অভিজ্ঞতা;<br>২। দেশী/বিদেশী জার্নালে ৩-৫টি গবেষণা প্রকাশনা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে হণ্য হবে;<br>৩। বহুমুখী পাটপণ্য উৎপাদন ও সম্প্রসারণের কারিগরী জ্ঞান এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও ব্যবস্থাপনায় দক্ষতা থাকতে হবে;<br>৪। বয়স ৫৫-৬২ বছর। |
| ০২। | পরিচালক (ডিজাইন এন্ড ফ্যাশন)<br>বেতনঃ সর্বসাকুল্যে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা | ০১টি | ১। বহুমুখী পাটপণ্যের ডিজাইন, ফ্যাশন এবং পণ্য উন্নয়ন সংশ্লিষ্ট বিষয়ে দেশে অথবা বিদেশে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রী, পিএইচ. ডি ধারীদের অগ্রাধিকার;<br>২। বহুমুখী পাটপণ্য ফ্যাশন ইনফিউশন (infusion) এর উন্নয়ন, বিশেষ করে টেক্সটাইলস্ এবং নন-টেক্সটাইল্ পণ্যের ক্ষেত্রে ১৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>৩। বয়স ৪৫-৫৫ বছর। |
| ০৩। | টেকনলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ<br>মূল বেতনঃ ২৯,০০০/- (উনত্রিশ হাজার) টাকা | ০১টি | ১। দেশ-বিদেশের যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান/প্রযুক্তি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। গবেষণা/শিল্প প্রতিষ্ঠানে এবং আইটি সেক্টরে ২ থেকে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;<br>২। বয়স ৩৫-৪৫ বছর। |
| ০৪। | কম্পিউটার এবং ডাটা ব্যাংক অপারেটর<br>মূল বেতনঃ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা | ০১টি | ১। দেশ-বিদেশের যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকসহ কম্পিউটার সাইন্সে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;<br>২। বয়স সর্বোচ্চ ৩৫ বছর। |

শর্তাবলীঃ

(১) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.motj.gov.bd/jdpc.gov.bd) হতে নির্ধারিত ছক ডাউনলোড করে আবেদন করতে হবে।
(২) পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অফিস চলাকালে ডাক যোগে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে;
(৩) আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫X৫ সেঃমিঃ আকারের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা পরিচয়পত্র ও চারিত্রিক সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করেতে হবে;
(৪) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত/একই খামে একাধিক আবেদন/আবেদনপত্রে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে;
(৫) খামের উপর আবেদকৃত পদের নাম উল্লেখ করতে হবে;
(৬) উপরোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে সরকারী আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে;
(৭) আবেদন পত্রের সাথে ক্রমিক ১ ও ২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৩ ও ৪ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার এর অনুকূলে দাখিল করতে হবে;
(৮) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের নিয়োগ প্রদান বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
(৯) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;
(১০) এ নিয়োগ বিজ্ঞাপ্তি www.motj.gov.bd এবং www.jdpc.gov.bd এ পাওয়া যাবে।

(মোঃ নাসির উদ্দিন)
সহকারী সচিব

৫x সে. মি. ছবি (সম্প্রতি তোলা, দুই কপি)

# চাকরির আবেদন ফরম

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | | | |
| | | ইংরেজিতে ( বড় অক্ষরে ): | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | | |

| | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক ( নাম/নম্বর): | | |
| | গ্রাম/ পাড়া/ মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড/সিটি কর্পোরেশন: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই- মেইল : | |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: | |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: | |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | পাসের সন | বোর্ড / বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৭. অতিরিক্ত যোগ্যতা ( যদি থাকে ):

১৮. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ):

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক চিহ্ন দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম / শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পোস্টাল অর্ডার/পে-অর্ডার নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব ।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |

Meeting Minors.doc /Asfima